

💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ আরাফার মাঠে অবস্থান রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১১- আরাফার দিনে হাজীদের জন্য আল্লাহ কী কী মর্যাদা ও ফ্যীলত রেখেছেন?

- (১) এ তারিখে দিনের বেলায়ই আল্লাহ তা'আলা প্রথম আসমানে অবতীর্ণ হন।
- (২) আল্লাহর কাছে ঐ দিনের চেয়ে উত্তম আর কোন দিন নেই।
- (৩) বান্দাদের জন্য আল্লাহ তাঁর দয়ার ভান্ডার খুলে দেন।
- (৪) সেদিন আল্লাহ বান্দাদের অতি নিকটবর্তী হন।
- (৫) আরাফাতে অবস্থানকারী ও মাশআরুল হারাম- বাসীকে আল্লাহ সেদিন ক্ষমা করে দেন।
- (৬) উমর রাদিআল্লাহু আনহুর প্রশ্নের জবাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আরাফায় আগমনকারীদের জন্য এ ক্ষমা প্রদর্শন কিয়ামত পর্যন্ত চালু থাকবে।
- (৭) যমীনবাসীদের নিয়ে আল্লাহ ফেরেশতাদের সাথে গৌরব করে বলেন, "আমার বান্দাদের দিকে তাকিয়ে দেখ তারা ধূলিমলিন অবস্থায় এলোকেশে দূর-দূরান্ত থেকে এসেছে আমার রহমতের আশায়, অথচ আমার আযাব তারা দেখেনি। কাজেই আরাফার দিনে এত অধিক সংখ্যক লোককে জাহান্নাম থেকে আমি মুক্তি দিয়ে দিচ্ছি যা অন্যদিন তারা পায়নি।
- (৮) শয়তান ঐদিন সবচেয়ে বেশী লাঞ্ছিত, হীন ও নিকৃষ্ট বনে যায় এবং তাকে ক্রোধান্বিত দেখা যায়। বান্দাদের দোয়া কবূল ও যিকরের মাধ্যমে শয়তানকে বেদনাবিধুর করে দেয়া হয়।
- (৯) আল্লাহ সেদিন বলেন, এরা কি চায়? অর্থাৎ হাজীরা যা চায় তাই তিনি দিয়ে দেন।
- (১o) সেদিন ফেরেশতা অবতীর্ণ হয় এবং রহমত বর্ষিত হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1753

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন